দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 01 DEC 2015 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... 2 ...

# জাতীয় বিশ্ববিদ্যালয় ১ম বর্ষ সম্মানের ক্লাস ১ ডিসেম্বর

নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ৩০ নবেম্বর ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ক্লাস ১ ডিসেম্বর থেকে শুরু হচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের পরিচালক (ভারপ্রাপ্ত) ফয়জুল করিম সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে যে সকল শিক্ষার্থী অধিভুক্ত কলেজসমূহে ভর্তি হয়েছে, তাদের ক্লাস বিশ্ববিদ্যালয়ের পূর্বঘোষিত সময়সূচী অনুযায়ী ১ ডিসেম্বর থেকে শুরু হবে। সেশনজট নিরসন করার লক্ষ্যে এ ভর্তি কার্যক্রম এগিয়ে আনা হয়েছে এতে করে শিক্ষার্থীদের ৫ মাস সময় সাশ্রয় হবে।